

তারিখ : ১৩ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

নানা আয়োজনে পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৪র্থ বিশ্ববিদ্যালয় দিবস উদযাপিত



পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পিবিপ্রবি) নানা আয়োজন এবং বিপুল উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে ৪র্থ বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন করেছে। অদ্য ১৩ এপ্রিল ২০২৫ তারিখ সকাল ১১টায় প্রশাসনিক ভবন প্রাঙ্গণে জাতীয় ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিবসটির আনুষ্ঠানিকতা শুরু হয়। অনুষ্ঠানে বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. শুচিতা শারমিন, পিবিপ্রবির সিন্ডিকেট সদস্য ব্যারিস্টার এম সরোয়ার হোসেন আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অতিথিদের নিয়ে বেলুন উড়িয়ে ও কেক কেটে ৪র্থ বিশ্ববিদ্যালয় দিবসের শুভ উদ্বোধন করেন পিবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম। পরে উপস্থিত সকলের অংশগ্রহণে একটি আনন্দ র্যালি শহরের সিও অফিস মোড় প্রদক্ষিণ করে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে এসে শেষ হয়।

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম বলেন, বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষায় পেশাগত দক্ষতা উন্নয়ন ও অগ্রসরমান বিশ্বের সাথে সঙ্গতি রক্ষা, সমতা অর্জন এবং জাতীয় পর্যায়ে বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষা ও গবেষণায় সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রতিষ্ঠিত এই বিশ্ববিদ্যালয়। বর্তমান বিশ্বের সাথে তাল মিলিয়ে চলতে বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার কোনো বিকল্প নেই। পৃথিবী বদলানোর একমাত্র হাতিয়ার বিজ্ঞান ও প্রযুক্তি।

তিনি বলেন, পৃথিবীতে যত পরিবর্তন হয়েছে সব বিজ্ঞান ও প্রযুক্তির হাত ধরে। বিজ্ঞান ও প্রযুক্তিকে আমরা কীভাবে ব্যবহার করব তা নির্ভর করে আমাদের ওপর। আমাদের উদ্দেশ্য ভালো হলে বিজ্ঞান ও প্রযুক্তিকে আমরা জনকল্যাণে ব্যবহার করতে পারব। তাই আমাদের প্রধান উদ্দেশ্য, এই প্রতিষ্ঠানের মাধ্যমে ভালো মানুষ তৈরি করা। নতুন প্রজন্মের প্রত্যাশা অনুযায়ী আমরা সবার সম্মিলিত সহযোগিতায় এই বিশ্ববিদ্যালয়কে সামনে এগিয়ে নিয়ে যাবো।



এ সময় তিনি পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে একটি পূর্ণাঙ্গ ও বিশ্বমানের প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে পিরোজপুরবাসীর সর্বাঙ্গিক সহযোগিতা কামনা করেন।

বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. শূচিতা শারমিন বলেন, আজ পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এই আয়োজনে উপস্থিত হতে পেয়ে আমি খুবই আনন্দিত। আমি নবীন এই বিশ্ববিদ্যালয়ের উত্তরোত্তর সাফল্য ও সমৃদ্ধি কামনা করি।

পিবিপ্ৰবির সিন্ডিকেট সদস্য ব্যারিস্টার এম সরোয়ার হোসেন বলেন, দক্ষিণাঞ্চলে এই বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠার পেছনে যারা কাজ করেছেন আমি তাদের আন্তরিক ধন্যবাদ জানাই। একইসঙ্গে যারা বিশ্ববিদ্যালয়টিকে সামনে এগিয়ে নিয়ে যাচ্ছেন আমি তাদেরও ধন্যবাদ জানাচ্ছি। পিরোজপুরের সংস্কৃতি, সম্প্রীতি ও শিক্ষা এগিয়ে নেওয়ার ক্ষেত্রে পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বড় ধরনের ভূমিকা পালন করবে।

পিরোজপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ শেখ রফিকুল ইসলাম বলেন, বর্তমান প্রশাসনের ঐকান্তিক প্রচেষ্টায় এই বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক কার্যক্রম আরও গতিশীল হবে সেই প্রত্যাশা করি।

দৈনিক ইত্তেফাকের পিরোজপুর ব্যুরোর প্রধান মো. মুনিরুজ্জামান নাসিম আলী বলেন, পিরোজপুরে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম শুরুর মধ্য দিয়ে এই শহরে শতাধিক নবীন প্রাণের আগমন ঘটেছে। আজকের এই প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানের মাধ্যমে আমি তাদের স্বাগতম জানাচ্ছি। একইসঙ্গে প্রতিষ্ঠাবার্ষিকীর সাফল্য কামনা করছি।

অনুষ্ঠানে পিরোজপুরের সরকারি সোহরাওয়ার্দী কলেজের অধ্যক্ষ পান্না লাল রায়, দৈনিক অবজারভারের পিরোজপুর প্রতিনিধি জিয়াউল আহসানসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

স্বা/-

(মুশাহিদ হোসেন তালুকদার)
প্রকাশনা ও জনসংযোগ দপ্তর
প্রয়োজনে: ০১৫২১-২১১৩৬৩